

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নগর ভবন

প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২০ তম কর্পোরেশন সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ ওসমান গণি
মাননীয় প্যানেল মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
তারিখ : ১৫ কার্তিক ১৪২৪
৩০ অক্টোবর, ২০১৭
সময় : বিকাল ০৩.০০ টা
স্থান : নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা

সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা পরিশিষ্ট “ক”

সভাপতির সম্মতিক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এর মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তা'কে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা সভার সভাপতি, মাননীয় প্যানেল মেয়রবৃন্দ, সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উপস্থিত কর্মকর্তাগণ'কে শুভেচ্ছা জানিয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক আলোচনায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২.০ আলোচনা ও সিদ্ধান্তঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	বিগত ২৫/০৯/২০১৭ তারিখ অনুষ্ঠিত ১৯তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ	প্রধান নির্বাহী কর্মকর্তা গত ২৫/০৯/২০১৭ তারিখ অনুষ্ঠিত ১৯তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ১৯তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণে উপস্থিত সকলে ঐক্যমত্য পোষণ করেন।	সর্বসম্মতিক্রমে ১৯তম কর্পোরেশন সভার কার্যবিবরণীর দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০২.	১৯তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি	১৯তম জরুরী কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয়।	১। ১৯তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	<ul style="list-style-type: none"> বিভাগীয় প্রধান (সকল) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
০৩.	ডিএনসিসি'র অকেজো, জরাজীর্ণ ও মেরামত বিবেচনায় অলাভজনক যানযন্ত্রপাতি নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিলাম নীতিমালা প্রণয়ন।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) ডিএনসিসি'র অকেজো, জরাজীর্ণ ও মেরামত বিবেচনায় অলাভজনক যানযন্ত্রপাতি নিলামে বিক্রয়ের লক্ষ্যে প্রস্তাবিত নীতিমালা অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করেন। ৩২ নম্বর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব হাবিবুর রহমান, সম্মানিত কাউন্সিলরদের সম্পৃক্ত করে একটি কমিটি গঠন করার অনুরোধ করেন। সভাপতি, ২ (দুই) জন কাউন্সিলরসহ ৫/৭ সদস্য বিশিষ্ট একটি “নীতিমালা পর্যালোচনা কমিটি” গঠন করার প্রস্তাবসহ নথি উপস্থাপনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) কে নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, গঠিত কমিটি আগামী ১৫ দিনের মধ্যে একটি প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদনটি আগামী কর্পোরেশন সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করতে হবে।	১। ২ (দুই) জন কাউন্সিলরসহ ৫/৭ সদস্য বিশিষ্ট একটি “নীতিমালা পর্যালোচনা কমিটি” গঠন করার প্রস্তাবসহ নথি উপস্থাপন করতে হবে। ২। গঠিত কমিটি আগামী ১৫ দিনের মধ্যে একটি প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদনটি আগামী কর্পোরেশন সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করতে হবে।	<ul style="list-style-type: none"> তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক)
০৪.	বহুতল ভবন এর অনাপত্তি প্রদানের নীতিমালা, ২০১৭ প্রণয়ন।	নগর পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে নিম্নরূপ সংযুক্তি (আবেদনপত্র, অঞ্জীকার নামা ও বর্জ্য সংগ্রহের জামানত)সহ অনাপত্তি প্রদানের নীতিমালা, ২০১৭ অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়। ৩২ নম্বর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব হাবিবুর রহমান, সম্মানিত কাউন্সিলরদের সম্পৃক্ত করে একটি কমিটি গঠন করার অনুরোধ জানান। তিনি আরও বলেন, বহুতল ভবন নির্মাণের অনাপত্তি প্রদানে সংশ্লিষ্ট	১। ২ (দুই) জন কাউন্সিলর ও ৩ (তিন) জন কর্মকর্তার সমন্বয়ে একটি “নীতিমালা পর্যালোচনা কমিটি” গঠনের প্রস্তাবসহ নথি উপস্থাপন করতে হবে।	<ul style="list-style-type: none"> নগর পরিকল্পনাবিদ

